



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৫ মে ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

### ইউপিডিএফের অবরোধ বিষয়ে বিভিন্ন টিভি চ্যানেলে বিকৃত তথ্য উপস্থাপনের প্রতিবাদ

আদালতের মাধ্যমে চিটাগাং হিল ট্র্যাক্টস রেগুলেশন বাতিলসহ রাজা-হেডম্যান-কার্বারি পদবি বিলোপ এবং পাহাড়ীদের প্রথাগত অধিকার হরণের ষড়যন্ত্রের প্রতিবাদে ইউপিডিএফ আজ (বুধবার) রাঙামাটি ও খাগড়াছড়ি জেলায় আধাবেলা সড়ক অবরোধ পালন করে।

কিন্তু অবরোধের সংবাদ উপস্থাপন করতে গিয়ে কিছু টিভি চ্যানেল বিষয়টি বিকৃতভাবে উপস্থাপন করেছে, যার ফলে ইউপিডিএফের কর্মসূচি সম্পর্কে জনমনে ভুল ধারণা সৃষ্টি হতে পারে।

যেমন যমুনা টিভি চ্যানেলে উপস্থাপন করা হয়েছে, “চিটাগাং হিল ট্র্যাক্টস রেগুলেশন, রাজা-হেডম্যান-কার্বারি বিলোপসহ বিভিন্ন দাবিতে” ইউপিডিএফ অবরোধ কর্মসূচি পালন করেছে।

চ্যানেল২৪-এর খবরে “চিটাগাং হিল ট্র্যাক্টস রেগুলেশন, রাজা-হেডম্যান-কার্বারি বিলোপ এবং পাহাড়ীদের প্রথাগত অধিকার রক্ষার দাবিতে” অবরোধ পালনের কথা উল্লেখ করা হয়েছে।

অনুরূপভাবে একাত্তর টিভির উপস্থাপকও খবরটি পরিবেশন করেছেন, যদিও রিপোর্টার ঠিকভাবে রিপোর্ট করেছিলেন।

টিভি চ্যানেলগুলোর উক্ত ভুল তথ্য উপস্থাপনের তীব্র প্রতিবাদ জানিয়েছেন ইউপিডিএফের মুখপাত্র অংগ্য মারমা।

আজ বুধবার (১৫ মে ২০২৪) রাতে সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে তিনি বলেন, মূলত ইউপিডিএফ যে ইস্যুতে অবরোধ কর্মসূচি পালন করেছে সেখানে ‘দাবি’ শব্দটি নেই। সুনির্দিষ্টভাবে সেখানে .., “ষড়যন্ত্রের প্রতিবাদে” কথাটি লেখা রয়েছে। কারণ উচ্চ আদালতের মাধ্যমে ১৯০০ সালের শাসন বিধি বাতিল করা হলে পার্বত্য চট্টগ্রামে রাজা-হেডম্যান-কার্বারি পদবি বিলোপসহ পাহাড়ীদের প্রথাগত অধিকার আর থাকবে না। সেই ষড়যন্ত্রের প্রতিবাদেই মূলত ইউপিডিএফ অবরোধ কর্মসূচি পালন করেছে।

সুতরাং উল্লেখিত টিভি চ্যানেলগুলো কীভাবে ‘ষড়যন্ত্রের প্রতিবাদে’ শব্দটি বাদ দিয়ে “দাবিতে” শব্দ জুড়ে দিয়ে খবর উপস্থাপন করেছে তা আমাদের বোধগম্য নয়। এটি ইউপিডিএফের কর্মসূচিকে পরিকল্পিতভাবে বিতর্কিত করার কোন অসৎ উদ্দেশ্যপ্রণোদিত প্রচেষ্টা কীনা সে ব্যাপারে যথেষ্ট সন্দেহ দেখা দিয়েছে।

তিনি অবিলম্বে বিকৃতভাবে উপস্থাপন করা খবরের সংশোধনপূর্বক যথাযথভাবে সংবাদ উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট টিভি চ্যানেলগুলোর কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।